

The 9th ASEAN-India Senior Officials Meeting on Transnational Crimes (SOMTC)

July 21, 2022

আন্তর্দেশীয় অপরাধের উপরে নবম আসিয়ান-ভারত উচ্চপদস্থ আধিকারিকদের বৈঠক (এসওএমটিসি)

জুলাই 21, 2022

20শে জুলাই 2022 তারিখে আন্তর্দেশীয় অপরাধের উপরে নবম আসিয়ান-ভারত উচ্চপদস্থ আধিকারিকদের বৈঠক (এসওএমটিসি)টি ভার্চুয়াল মোডে অনুষ্ঠিত হয়েছে। আলোচনা চক্রের যুগ্ম পৌরোহিত্য করেন ভারতের পক্ষ থেকে শ্রী মহাবীর সিঙ্ঘভি, যুগ্ম সচিব (সন্ত্রাস দমন) , বিদেশমন্ত্রক এবং আসিয়ানের পক্ষ থেকে শ্রীযুক্ত পুহা কক কেয়ং, উপ সচিব (নীতি), পররাষ্ট্র বিষয়ক মন্ত্রক , সিঙ্গাপুর।

উভয় পক্ষ যেকোনও প্রকারের সন্ত্রাস এবং এর বহিঃপ্রকাশের তীব্র নিন্দা করেছেন এবং ব্যাপক আকারে ও স্থিতিশীলভাবে সন্ত্রাস ও আন্তর্দেশীয় অপরাধ প্রতিহত করার জন্য আন্তর্জাতিক সহযোগিতাকে আরও জোরদার করার প্রয়োজনীয়তার উপরে জোর দিয়েছেন।

আলোচনা চলাকালীন, আসিয়ান - ভারত কর্ম পরিকল্পনার পরিকাঠামোর মধ্যে আন্তর্দেশীয় অপরাধ প্রতিহত করার জন্য সন্ত্রাস, বেআইনি মাদক পাচার, মানব পাচার, আন্তর্জাতিক অর্থনৈতিক অপরাধ এবং সাইবার অপরাধ ক্ষেত্রগুলিতে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি করার উপায়গুলি নিয়ে উভয় পক্ষ আলোচনা করেছে।

আন্তর্দেশীয় অপরাধের উপরে দশম আসিয়ান-ভারত এসওএমটিসি বৈঠক 2023 সালে ইন্দোনেশিয়াতে অনুষ্ঠিত হবে।

নিউ দিল্লি

জুলাই 20, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.